তারিখ 09 JAN 2016
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫

# পাকিস্তানের সঙ্গে সব ধরনের সম্পর্ক ছিন্ন করুন

——————ঢাবি উপাচার্য

■ সমকাল প্রতিবেদক

পাকিস্তানের সঙ্গে সব ধরনের সম্পর্ক ছিন্ন করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক। গতকাল শুক্রবার জাতীয় প্রেস ক্লাবে এক আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান। একই সঙ্গে 'মুক্তিযুদ্ধে সংঘটিত অপরাধ অস্বীকার করায় পাকিস্তানের নিন্দা করেন তিনি। 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস' উপলক্ষে বঙ্গবন্ধু পরিষদ এ আলোচনা সভার আয়োজন করে।

ঢাবি উপাচার্য বলেন, পাকিস্তানের সঙ্গে কূটনৈতিক, রাজনৈতিক ও সব ধরনের দ্বিপক্ষীয় সম্পর্ক পুনর্মূল্যায়ন করা অত্যন্ত জরুরি। এ ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় পাকিস্তান দূতাবাসের কোনো সভা-সমাবেশ করতে দেওয়া হবে না বলে ঘোষণা দেন তিনি। আলোচনা সভায় বক্তব্য রাখেন আয়োজক সংগঠনের সাধারণ সম্পাদক ড. এসএম আলী, অধ্যাপক রফিকুল্লাহ খান, অধ্যাপক ড. নীলিমা আক্তার প্রমুখ।